

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০৩.১৭- ৪২

তারিখ : ০৫ মাঘ, ১৪২৪
১৮ জানুয়ারি, ২০১৮

প্রেরক : ড. সৈয়দা নওশীন পর্গিনী
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, নিউ সার্কুলার রোড
মালিবাগ মোড়, মৌচাক টাওয়ার (১১ তলা), ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরের অনুন্নয়ন বাজেটে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর অনুকূলে বরাদ্দকৃত ১৪০০.০০ লক্ষ (চৌদ্দ কোটি) টাকা হতে ৩য় কিস্তি বাবদ ৩৫০.০০ লক্ষ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ছাড়করণ সংক্রান্ত।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের ০৯/০৮/২০১৭ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০২.০০৩.১৭-৫২৮ নং সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর অনুকূলে বরাদ্দকৃত ১৪০০.০০ লক্ষ (চৌদ্দ কোটি) টাকা (সাধারণ মঞ্জুরী ১৩৬০.০০ লক্ষ এবং মূলধন মঞ্জুরী ৪০.০০ লক্ষ) হতে ৩য় কিস্তি বাবদ ৩৫০.০০ লক্ষ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা (সাধারণ মঞ্জুরী ৩৪০.০০ লক্ষ এবং মূলধন মঞ্জুরী ১০.০০ লক্ষ) ছাড়ে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করা হলো :

- ১। জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর মহাপরিচালক উল্লিখিত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;
- ২। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে;
- ৩। অনুমোদিত বিভাজনের এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না। এ অর্থ অনুমোদিত অর্গানোগ্রাম বহির্ভূত কোন খাতে ব্যয় করা যাবে না;
- ৪। ৩০ জুন, ২০১৮ এর মধ্যে অব্যয়িত অর্থ থাকলে তা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে অর্থ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
- ৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- ৬। উক্ত অর্থ চলতি অর্থ বছরে ০৩-৩৭০৫-৩২০৫-৫৯০১ এবং ৫৯৯৮নং কোডভুক্ত সাধারণ মঞ্জুরী এবং অন্যান্য মঞ্জুরী খাত হতে নির্বাহ করতে হবে।

(ড. সৈয়দা নওশীন পর্গিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০৩.১৭- ৪২

তারিখ : ০৫ মাঘ, ১৪২৪
১৮ জানুয়ারি, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(ড. সৈয়দা নওশীন পর্গিনী)
সিনিয়র সহকারী সচিব